জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
গাজীপুর।

স্মারক নং- (০-৫) জাতীঃবিঃ/পরীঃ/প্রফেঃ/বিএসএড/২০২২/৫৮/১১১১৫ তারিখ ঃ ১০/০৯/২০২৪

২০২৩ সালের ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন (বিএসএড) কোর্স পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩ সালের বিএসএড পরীক্ষার ফরমপূরণের যাবতীয় কার্যক্রম অন-লাইনে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম, আনুষঙ্গিক কাগজপত্র পূরণ ও জমাদানের তারিখ এবং ফরম পূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ

১। শিক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, বিবরণী ফরম পূরণ ও জমা করার তারিখ ঃ

ক)	পরীক্ষার্থী কর্তৃক অন-লাইন থেকে আবেদন ফরম সংগ্রহ করার সময়সীমা ও শেষ তারিখ	১৫/০৯/২০২৪ হতে ২৫/০৯/২০২৪
খ)	কলেজ কর্তৃক অন-লাইনে ডাটা এন্ট্রি/ফরমপূরণ নিশ্চয়ন করার শেষ তারিখ	২৬/০৯/২০২৪
গ)	কলেজ কর্তৃক ফরমপূরণের ফি এর টাকা "সোনালী সেবা" এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দেয়ার তারিখ	২৯/০৯/২০২৪ হতে ৩০/০৯/২০২৪
বিবরণী ফরমের তথ্য সঠিকভাবে On-line-এ ডাটা এন্ট্রি করার পর প্রিন্ট আউট কপি যাচাই করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মূল কপিটি বাঁধাই করে কলেজে সংরক্ষণ করবেন।		

২। বিএসএড কোর্স পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী) ঃ

১। পরীক্ষার ফি (নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী প্রতি)	২,৫০০/-
২। এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার ফি	১৫০০/-
৩। বিশেষ অন্তর্ভুক্তি ফি (অকৃতকার্য/মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)	৫০০/-
৩। কেন্দ্র ফি (বিশ্ববিদ্যালয়ে জমা হবেনা)	৫০০/-
৪। ট্রান্সক্রিপ্ট ফি	৫০০/-
৫। সাময়িক সনদপত্র ফি	৩০০/-

৩। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) ২০২৩ সালের বিএসএড পরীক্ষায় অংশগ্রহণের জন্য ২০২০-২০২১, ২০২১-২০২২ এবং ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে যে সকল ছাত্র/ছাত্রীর নাম বিধিসম্মতভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রেশন করা হয়েছে কেবলমাত্র সেইসব শিক্ষার্থীরা অংশ গ্রহণ করতে পারবে।

খ) যে সকল পরীক্ষার্থী ২০২২ সালের বিএসএড পরীক্ষায় সকল বিষয় অংশগ্রহণ করে এক বিষয়ে অকৃতকার্য হয়েছে, তারা শুধুমাত্র ২০২৩ সালের পরীক্ষায় অকৃতকার্য ঐ বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।

৪। অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) ঃ

ক) আবেদনকারীকে নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ের উল্লেখিত ওয়েবসাইট-এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয়কোড এবং ফি উল্লেখ থাকবে। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে জমা দিতে হবে।

খ) মানোন্নয়ন/নির্বাচিত বিষয়কোড সমূহ পরীক্ষার্থীকে সতর্কতার সহিত নিজ দায়িত্বে এন্ট্রি দিতে হবে।

গ) আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি জমা দিতে হবে।

ঘ) আবেদন ফরম পূরণে/ডাউনলোডের সময় যেকোন ধরণের ভুলের কারণে পরীক্ষার্থীর প্রবেশপত্রে ভুল হলে নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে পরীক্ষার পূর্বেই প্রবেশপত্র সংশোধন করে নিতে হবে। এক্ষেত্রে মূল প্রবেশপত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ড ও বিবরণীর ফটোকপি জমা দিতে হবে। কলেজ কর্তৃপক্ষ কোনক্রমেই প্রবেশপত্র সংশোধন করতে পারবেন না।

ঙ) অনিয়মিত শিক্ষার্থীদের পূর্ববর্তী বছরের প্রবেশপত্র আবেদন ফরমের সাথে জমা দিতে হবে

৫। ফরমপূরণে কলেজের জন্য করণীয়ঃ

ক) বিশ্ববিদ্যালয়ের উল্লেখিত ওয়েবসাইটে College Log-in-এ প্রবেশ করে সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)- সংগ্রহ করা যাবে। Log-in-এর জন্য ওয়েবসাইটে College Profile- থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

খ) পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) এর ০১ (এক) কপি অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১ (এক) কপি ছবি স্ব-স্ব কলেজে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় থেকে প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।

গ) জমাকৃত আবেদন ফরম অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যেই College Log-in-এ প্রবেশ করে ফরমপূরণ নিশ্চয়ন করতে হবে।

ঘ) পরীক্ষার্থী কর্তৃক অন-লাইনে ফরম পূরণকৃত আবেদন কলেজে জমা দিলে কলেজ উক্ত পরীক্ষার্থীর আবেদন ফরমটি অন-লাইনে নিশ্চয়ন করবেন। শুধুমাত্র কলেজ কর্তৃক অন-লাইনে নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হবে। নিশ্চয়ন সম্পন্ন হলে On-line এ পরীক্ষার্থীদের বিবরণী/তালিকা প্রিন্ট করতে হবে।

ঙ) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রি/ফরমপূরণ নিশ্চয়নের জন্য বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে। বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি/নিশ্চয়ন সম্পন্ন করতে হবে।

চ) পূরণকৃত আবেদন ফরমের সকল প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর তা কলেজে সীল গালা অবস্থায় সংরক্ষিত থাকবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কোন সময় তা যাচাইয়ের জন্য তলব করতে পারবে।

ছ) **Data Entry** অনলাইন **Software** বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে-www.nu.ac.bd/prof হতে পাওয়া যাবে।

জ) যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের ডাটা **Online**-এ রক্ষিত আছে। যদি কোন বৈধ পরীক্ষার্থীর ডাটা সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থীর কাগজপত্র যাচাই করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় ০১৩১৩-০৫২৩৬৬ ফোন নম্বরে নির্ধারিত সময়ের মধ্যে জানাতে হবে। বর্ণিত তথ্য সঠিক হলে বিশ্ববিদ্যালয় তা **Online**-এ রক্ষিত ডাটা-এর সঙ্গে সংযোজন করবে। **Online**-এ ডাটা এন্ট্রি ব্যতিত কোন ভাবেই পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

৬। আবেদন ফরম, বিবরণী ফরম ও কাগজপত্রাদি জমাদানের নিয়মাবলীঃ

ক) আবেদনফরম সমূহ সঠিকভাবে অন-লাইনে নিশ্চয়ন সম্পন্ন করার পর প্রিন্ট আউট কপি যাচাই করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মূল কপিটি বাঁধাই কওে পরীক্ষা দপ্তর (প্রফেশনাল) শাখা এর দপ্তরে হাতে হাতে জমা দিতে হবে (বিবরণী ফরমের ফটোকপি কলেজ সংরক্ষণ করবে)।

খ) আবেদন ফরমের এক কপি, নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের অন-লাইন বিবরণী ও সোনালী সেবায় টাকা জমার রশিদের কপিসহ সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।

গ) বিষয়ওয়ারী প্রশ্নপত্রের চাহিদা উল্লেখপূর্বক "প্রশ্নপত্রের চাহিদা বিবরণী" যথাযথভাবে পূরণ করে অবশ্যই জমা দিতে হবে। চাহিদা পত্রে ভুল তথ্য প্রদানের ফলে প্রশ্নপত্রের ঘাটতি হলে তার দায়-দায়িত্ব বিশ্ববিদ্যালয় বহন করবে না।

৭। বিশ্ববিদ্যালয়ের ফি জমাদানের নিয়মাবলী ঃ

ক) সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের ফি এর সমুদয় অর্থ জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত জমা ফরম উল্লেখিত ওয়েবসাইট থেকে ডাউনলোড করে "সোনালী সেবা" এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের তহবিলে জমা দেয়া যাবে।

খ) সংশ্লিষ্ট কলেজ উল্লিখিত ওয়েবসাইট-এ Log-in করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতে হিসাব নম্বর ও উল্লিখিত মোট টাকার অংশের কপি নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে। নির্ধারিত সময়ের পর Pay Slip ডাউনলোড করা বা টাকা জমা দেওয়া যাবে না।

গ) সোনালী সেবা সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য জনাব মোঃ হুমায়ুন কবির, সিস্টেম এনালিস্ট, ০১৮৬৭০৬৫১১১ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

৮। বিবিধ : ক) পরীক্ষার্থীদের প্রবেশপত্র ওয়েবসাইটে থেকে ডাউনলোড করে নিতে হবে।
খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেগুলেশন অনুযায়ী এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।
গ) ফি জমাদানের সময় অবশ্যই কলেজ অধিভুক্তি/অধিভুক্তি নবায়নের চিঠি সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।
ঘ) পরীক্ষার বিস্তারিত সময়সূচী ও কেন্দ্র তালিকা যথাসময়ে ঘোষণা করা হবে।
ঙ) পরীক্ষার্থীদের পরীক্ষার হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র প্রদর্শন করতে হবে।

০৯। পরীক্ষা পরিচালনা :
সংশ্লিষ্ট কলেজ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ২৫% দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করবে। অবশিষ্ট ৭৫% অর্থ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষার পূর্বেই জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র ও আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) ব্যয় নির্বাহ করতে হবে।

পরীক্ষার সময়সূচী ও অন্যান্য যাবতীয় তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে জানা যাবে।

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন ঃ ০২-৯৯৬৬৯১৫১৭

স্মারক নং- (০-৫) জাতীঃবিঃ/পরীঃ/প্রফেঃ/বিএসএড/২০২২/৫৮/১১১১৫ তারিখ ঃ ১০/০৯/২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ
১। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
২। পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর
৩। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট জেলা
৪। অধ্যক্ষ, সংশ্লিষ্ট কলেজ
৫। সহকারী রেজিস্ট্রার ও ব্যক্তিগত সচিব, ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৬। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৭। সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৮। অফিস নথি।

১০.৯.২৪
(সৈয়দ আহমেদ খাঁন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (প্রফেশনাল)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
মোবাঃ ০১৩১৩-০৫২৩৬৬